দৈনিক
ইত্তেফাক

তারিখ ... 09 MAY 2016 ...
পৃষ্ঠা ...৩...৩ কলাম ...৬... ......

# কারিগরি শিক্ষায় ভর্তি হার ৬০ শতাংশে উন্নীত করা হবে : শিক্ষামন্ত্রী

■ ইত্তেফাক রিপোর্ট

কারিগরি শিক্ষায় ভর্তির হার ২০৩০ সালের মধ্যে ৩০ শতাংশ এবং চূড়ান্ত লক্ষ্যমাত্রা ৬০ শতাংশে উন্নীত করা হবে বলে জানিয়েছেন শিক্ষামন্ত্রী নূরুল ইসলাম নাহিদ। একই সঙ্গে তিনি জানান, কারিগরি শিক্ষা এ অগ্রাধিকারের সর্বোচ্চ অগ্রাধিকার খাত। এ শিক্ষায় এনরোলমেন্ট লক্ষ্যমাত্রা ২০২০ সালে ২০ শতাংশ নির্ধারণ করেছে।

গতকাল রবিবার একটি হোটেলে স্কিলস এন্ড ট্রেনিং এনহ্যান্সমেন্ট প্রজেক্ট এর মাধ্যমে কারিগরি শিক্ষার মানোন্নয়ন ও সম্প্রসারণে বিশ্ব ব্যাংক কর্তৃক নতুন করে ১০০ মিলিয়ন ডলার প্রদান উপলক্ষে দিনব্যাপী এক কর্মশালায় প্রধান অতিথির বক্তৃতায় এ কথা বলেন।

শিক্ষাসচিব মো: সোহরাব হোসাইনের সভাপতিত্বে কর্মশালায় জনপ্রশাসন মন্ত্রণালয়ের সিনিয়র সচিব ড. কামাল আব্দুল নাসের চৌধুরী, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের ভারপ্রাপ্ত সচিব বেগম সামছুন নাহার, বিশ্ব ব্যাংকের কান্ট্রি ডাইরেক্টর চিমিয়াও ফন, কারিগরি শিক্ষা অধিদপ্তরের মহাপরিচালক অশোক কুমার বিশ্বাস ও স্টেপ প্রকল্পের প্রকল্প পরিচালক মো. ইমরান বক্তৃতা করেন।

শিক্ষামন্ত্রী বলেন, আমাদের শিক্ষার মূল লক্ষ্য হলো নতুন প্রজন্মকে আধুনিক বাংলাদেশের নির্মাতা হিসেবে গড়ে তোলা। গতানুগতিক সাধারণ শিক্ষা দিয়ে এ লক্ষ্য অর্জন সম্ভব নয়, প্রয়োজন প্রযুক্তিনির্ভর কারিগরি শিক্ষা। সরকার কারিগরি শিক্ষাকে ঢেলে সাজিয়েছে। কারিগরির কোর্স কারিকুলাম যুগোপযোগী করা হয়েছে।